Sanatan Dharma



ধর্ম স্থিতি

ধর্ম আচরণ, ধর্ম কাকে বলে, উদ্দেশ্য , কারণ , পথ , কেন ধর্ম পথে চলবো -- এইসব তো বুঝলাম !!!!!, কিন্তু শাস্ত্র অনুসারে কতদিন ধর্ম আচরণ করলে আমাদের ধর্ম পথে ধীরে ধীরে স্থিতি হইবে -- এর সময়সীমা কিছু শাস্ত্রে আছে কি ????
উত্তর :-
শাস্ত্রে এর উত্তর আছে -
1. 12 বৎসর দৃঢ় ভাবে ধর্ম আচরণ করলে - ধর্ম পথে অধম স্থিতি হয়
2. 24 বৎসর দৃঢ় ভাবে ধর্ম আচরণ করলে - ধর্ম পথে মধ্যম স্থিতি হয়
3. 36 বৎসর দৃঢ় ভাবে ধর্ম আচরণ করলে - ধর্ম পথে উত্তম স্থিতি হয়
4. যত দিন না পর্যন্ত নির্বীজ সমাধি হয় ততদিন দৃঢ় ভাবে ধর্ম আচরণ করলে- ধর্মে পূর্ণতম উচ্চকোটি অচ্যুত স্থিতি হয়

শাস্ত্রানুসারে কোনো "কর্মই বা ধর্ম আচরণ বা গুরুসেবা বা সাধনা বা যেটাই " হোক না কেন "সর্বনিম্ন কমপক্ষে 12 বৎসর" দৃঢ় ভাবে না করলে সেটাতে অধম স্থিতিও ধরা হয় না বা তার বিশেষ কোনো স্থিতিরূপি ফল উৎপন্ন হয় না (এখানে জন্মন্তরনি সাধক ব্যতিক্রমীদের বলা হচ্ছেই না) l
যে কেহ যদি কোন আচরন বিধি এভাবে 12 বৎসর দৃঢ় ভাবে পালন করে তাহলে স্বয়ং

প্রকৃতি বা সাক্ষাত ঈশ্বর উনার ওই সংযম রূপী সাধনাকে আরো পূর্ণ হতে সহায়তা করেন । কিন্তু প্রথম 12 বৎসর দৃঢ় ভাবে পালন নিজেকে অনুকূল-প্রতিকূল অবস্থাতেও করতে হবে , তারপর গুরু বা ঈশ্বর শক্তি তাকে আরো উচ্চস্থিতিতে যেতে সহায়তা করেন । "সর্বনিম্ন কমপক্ষে একটানা 12 বৎসর" দৃঢ় ভাবে না পালন করতে পারলে বা খণ্ডিত হলে তাকে ধরা হয় না l
আমি 6 মাস বা 2 বৎসর দৃঢ় ভাবে পালন করলাম তারপর কোনো কারণে খণ্ডিত হলো আবার আমি পরে শুরু করলাম -সেই ক্ষেত্রে আবার যখন শুরু করা হবে তখন থেকে আবার 12 বৎসর দৃঢ় ভাবে ধর্ম আচরণ পালন ধরতে হবে ।
ধর্ম আচরণ খণ্ডিত রূপি পতন এর ভয় ততদিন পর্যন্ত থাকা দরকার যতদিন না পর্যন্ত নির্বীজ সমাধি না হয় । তাই যতদিন না পর্যন্ত নির্বীজ সমাধি-অচ্যুতস্থিতি না হয় ততদিন পর্যন্ত গুরু বা ঈশ্বর শক্তির সহায়তা থাকলেও নিজেকে দৃঢ় ভাবে ধর্ম আচরণ করা অতি আবশ্যক । জীবনে মাত্র একবার নির্বীজ সমাধি লাভ করতে পারলে বা হলে যার কোনোদিন ধর্ম পথে চ্যুত হবার ভয় থাকে না কারণ তখন অচ্যুত অভয়পদরূপী ব্রাহ্মীস্থীতি লাভ হয় ।
তাই শুভ কাজ দেরি না করে আসুন আমরা সবাই আজ হতেই দৃঢ় ভাবে ধর্ম আচরণ শুরু করি এবং আমাদের ধর্মপথে যাত্রা শুরু হোক ।

Published on: Mar, 18 2023 10:11